

# Exchange of list of prisoners between India and Pakistan

July 01, 2022

## ভারত এবং পাকিস্তানের মধ্যে বন্দীতালিকা বিনিময়

জুলাই 01, 2022

আজ ভারত ও পাকিস্তান নিউ দিল্লি ও ইসলামাবাদে একযোগে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে 2008-এর কনসুলার অ্যাকসেস চুক্তির ব্যবস্থার অধীনে একে অপরের হেফাজতে থাকা অসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের তালিকা বিনিময় করেছে। এই ধরনের বন্দীতালিকা বিনিময় প্রতিবছর 01 লা জানুয়ারি এবং 01লা জুলাই করা হয়ে থাকে।

ভারত, ভারতের হেফাজতে থাকা 309 জন অসামরিক ব্যক্তি এবং 95 জন মৎস্যজীবীর তালিকা পাকিস্তানের হাতে তুলে দিয়েছে। একইভাবে পাকিস্তান, ভারতের হাতে তাদের হেফাজতে থাকা 49জন অসামরিক বন্দী এবং 633 জন মৎস্যজীবীদের তালিকা তুলে দিয়েছে যারা ভারতীয় বা ভারতীয় বলে ধারণা করা হয়।

ভারত সরকার পাকিস্তানের হেফাজত থেকে অসামরিক বন্দী, নিরুদ্ভট সামরিক ব্যক্তি এবং নৌকা সহ মৎস্যজীবীদের দ্রুত মুক্তি ও প্রত্যর্পনের জন্য আহ্বান জানিয়েছে। এই পরিপ্রেক্ষিতে, পাকিস্তানকে বলা হয়েছে যে, 536 জন ভারতীয় মৎস্যজীবী এবং 03 জন ভারতীয় অসামরিক বন্দী যাদের সাজার মেয়াদকাল ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে এবং যাদের ভারতীয় নাগরিকত্ব প্রমাণিত হয়েছে এবং পাকিস্তানকে তা জানানও হয়েছে, তাদের দ্রুত মুক্তি এবং প্রত্যর্পনের ব্যবস্থা করতে। উপরন্তু, বাকি 105 জন মৎস্যজীবী ও 20 জন অসামরিক বন্দী যারা পাকিস্তানের হেফাজতে রয়েছে এবং ভারতীয় বলে ধারণা করা হচ্ছে তাদের অতিদ্রুত কনসুলার অভিজম্যতা প্রদান করার জন্য পাকিস্তানকে বলা হয়েছে।

একে অপরের দেশের বন্দী ও মৎস্যজীবীসহ সর্বক্ষেত্রে সকল রকমের মানবিক বিষয়গুলি অগ্রাধিকারের ভিত্তিতে প্রদান করার জন্য ভারত অঙ্গীকারবদ্ধ রয়েছে। এই পরিপ্রেক্ষিতে, ভারত পাকিস্তানকে আর্জিও জানিয়েছে যে তাদের তরফ থেকে মৎস্যজীবী সহ 57জন পাকিস্তানি বন্দীদের পাকিস্তানের নাগরিকত্বকে নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে, যাদের পাকিস্তানের নাগরিকত্ব প্রমাণের অভাবে প্রত্যর্পন স্থগিত হয়ে আছে। কোভিড-19-এর পরিপ্রেক্ষিতে পাকিস্তানকে অনুরোধ করা হয়েছে যে পাকিস্তানের হেফাজতে থাকা ভারতীয় এবং ভারতীয় বলে ধরে নেওয়া অসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের নিরাপত্তা, সুরক্ষা এবং শারীরিক কুশলতাকে সুনিশ্চিত করতে।

নিউ দিল্লি

জুলাই 01, 2022

New Delhi

July 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.